



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে শিক্ষকবৃন্দদের নিয়ে দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষকবৃন্দদের নিয়ে দিনব্যাপী ‘Developing Proper Assessment System for the Students’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (৩১ অক্টোবর ২০২৩) নোবিপ্রবি ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, ব্যবসায় প্রশাসন অনুষ্ঠানের ডিন অধ্যাপক ড. এস. এম. মাহবুবুর রহমান ও শিক্ষা অনুষ্ঠানের ডিন অধ্যাপক ড. বিপ্লব মল্লিক। কর্মশালায় ‘কী নোট স্পীকার’ হিসেবে ছিলেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. ফিরোজ আহমেদ। নোবিপ্রবি আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মুহাইমিনুল ইসলাম সেলিমের সঞ্চালনায় এতে আলোচক হিসেবে ছিলেন নোবিপ্রবি আইকিউএসি পরিচালক ও মাইক্রোবায়োলজী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ফিরোজ আহমেদ, শিক্ষা প্রশাসন বিভাগের চেয়ারম্যান জনাব জি. এম. রাকিবুল ইসলাম ও শিক্ষা বিভাগের সহকারী অধ্যাপক জনাব নওরীন ইয়াসমিন। কর্মশালায় নোবিপ্রবির বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, ‘আজকের এই কর্মশালায় সকলকে স্বাগত জানাচ্ছি। আমরা চাই আপনারা এই কর্মশালার সেশনগুলো মনোযোগ সহকারে গ্রহণ করুন এবং পোশাগত দক্ষতা বৃদ্ধি করুন। শিক্ষকতা মানেই শুধু গতবাধা ক্লাস নেওয়া নয়। বছরের পর বছর ধরে একই পড়া না পড়িয়ে ভিন্নতা আনুন, আপডেট তথ্য দিয়ে পড়ান। একই প্রশ্ন নানাভাবে করা যায়। তাই মানসম্মত প্রশ্নপত্র প্রণয়ন করুন। আজকের এই কর্মশালার সফলতা কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে নোবিপ্রবির উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন ‘আপনি শিখলেন, পড়লেন, কিন্তু বাস্তব প্রয়োগ করতে পারলেননা, তাহলে সেটা যথাযথ শিক্ষা নয়। আমি আইকিউএসি কে অনুরোধ করবো মনিটরিং এবং ইন্ডিলুয়েশন এর বিষয়টাতে গুরুত্ব দেওয়ার জন্য। আমরা আমাদের নিজ নিজ দায়িত্ব ঠিকমতো পালন করার মাধ্যমে এই কর্মশালাকে সফল করে তুলতে পারি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, ‘আপনি যদি খুব ভালো লেখাপড়া না করেন, তাহলে আপনি ভালো শিক্ষক হতে পারবেন না। নোবিপ্রবিতে একাডেমিক ক্ষেত্রে যে অভূতপূর্ব উন্নতি হয়েছে তা আরো বেশী বেগবান হবে যদি আউটকাম বেজড এডুকেশন (OBE) পদ্ধতির বাস্তবায়ন হয়। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

R. Md. Md.

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।